গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুর
(শিক্ষা শাখা)
পোস্টকোড-৩৬০০
www.chandpur.gov.bd

স্মারক নং-০৫.৪২.১৩০০.০৩২.০৪.০১০.২৩- ৪৪২ তারিখ : ১২ আশ্বিন, ১৪৩০ / ২৭ সেপ্টেম্বর, ২০২৩

বিষয় : জেলা প্রশাসন অলিম্পিয়াড, ২০২৩ উদযাপন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসন অলিম্পিয়াড-২০২৩ উদযাপনের লক্ষ্যে প্রস্তুতকৃত নীতিমালা নিম্নোক্ত নির্দেশনাসমূহসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

ক) আগামী ০২/১০/২০২৩ তারিখের মধ্যে ইউনিয়ন ও উপজেলা কমিটির সভা অনুষ্ঠানপূর্বক জেলা কমিটিকে রেজুলেশন প্রেরণ এবং শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে ব্যাপক প্রচার ও জেলা প্রশাসন অলিম্পিয়াড- ২০২৩ উদযাপনের নীতিমালা প্রেরণ।

খ) আগামী ১০/১০/২০২৩ তারিখের মধ্যে ইউনিয়ন ও পৌর এলাকার সকল শিক্ষা প্রতিষ্ঠানে জেলা প্রশাসন অলিম্পিয়াডের বিভিন্ন ইভেন্টসম্পন্নকরণ এবং উপজেলা কমিটির নিকট সচিত্র প্রতিবেদনসহ সেরা দলের নাম প্রেরণ।

গ) গত ০৯/০৭/২০২৩ তারিখে অনুষ্ঠিত জেলা প্রশাসন অলিম্পিয়াড-২০২৩ উদযাপন সংক্রান্ত প্রস্তুতিমূলক সভার সিদ্ধান্ত মোতাবেক ইউনিয়ন থেকে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারী, চাঁদপুর সদর ও হাজিগঞ্জ পৌর এলাকা হতে ১ম থেকে ৯ম স্থান অধিকারী দল এবং অন্যান্য পৌরসভা হতে ১ম থেকে ৬ষ্ঠ স্থান অধিকারী দল উপজেলা পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে।

ঘ) আগামী ১৬/১০/২০২৩ তারিখের মধ্যে উপজেলা পর্যায়ে জেলা প্রশাসন অলিম্পিয়াডের বিভিন্ন ইভেন্ট সম্পন্নকরণ এবং জেলা কমিটির নিকট শ্রেষ্ঠ/ ১ম স্থান অধিকারী দলের নাম ও সচিত্র প্রতিবেদন adcictchandpur@gmail.com/ aceducationcdr@gmail.com - এই ইমেইলে প্রেরণ।

সংযুক্তি :......পাতা।

২৭-৯-২৩
মোস্তাফিজুর রহমান
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
চাঁদপুর

১। উপজেলা নির্বাহী অফিসার.......... (সকল)
চাঁদপুর।
২। সচিব, ইউনিয়ন পরিষদ........... (সকল)
চাঁদপুর।

স্মারক নং-০৫.৪২.১৩০০.০৩২.০৪.০১০.২৩- ৪৪২ তারিখ : ১২ আশ্বিন, ১৪৩০ / ২৭ সেপ্টেম্বর, ২০২৩

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো। (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১। পুলিশ সুপার, চাঁদপুর।
২। অধ্যক্ষ, চাঁদপুর সরকারি কলেজ/পুরান বাজার ডিগ্রী কলেজ/চাঁদপুর আহমাদিয়া ফাযিল (ডিগ্রী) মাদ্রাসা, চাঁদপুর।
৩। নেজারত ডেপুটি কালেক্টর, চাঁদপুর।
৪। জেলা শিক্ষা অফিসার, চাঁদপুর।
৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চাঁদপুর।
৬। সহকারী কমিশনার (শিক্ষা), জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুর।
৭। সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুর।
৮। সহকারী প্রোগ্রামার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুর।
৯। জনাব ডা. পিযূস কান্তি বড়ুয়া, গবেষক ও লেখক, চাঁদপুর।
১০। প্রধান শিক্ষক....................................চাঁদপুর সদর, চাঁদপুর।
১১। জনাব..

২৭-৯-২৩
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
চাঁদপুর

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুর
(শিক্ষা শাখা)
পোস্টকোড-৩৬০০
www.chandpur.gov.bd

স্মারক নং-০৫.৪২.১৩০০.০৩২.০৪.০১০.২২- ৩৭৮

তারিখ : ০১/০৯/২০২২ খ্রি.

বিষয় : জেলা প্রশাসন অলিম্পিয়াড, চাঁদপুর নীতিমালা-২০২২।

তথ্য প্রযুক্তির উৎকর্ষে পৃথিবী দ্রুত বদলে যাচ্ছে। বদলে যাওয়া সময়ের সাথে ৪র্থ শিল্প বিপ্লবের যুগে আধুনিক প্রজন্মের জন্য সবচেয়ে বেশি প্রয়োজন বিজ্ঞান, গণিত এবং ইংরেজি শিক্ষা। বর্তমান প্রজন্মকে এগিয়ে নিতে এবং ৪র্থ শিল্প বিপ্লবের সাথে তাল মিলিয়ে নিজেকে অধিকতর প্রস্তুত করার প্রেরণা হিসেবে আমাদের ক্ষুদ্র প্রয়াস " জেলা প্রশাসন অলিম্পিয়াড, চাঁদপুর"। এ অলিম্পিয়াডে মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীগণ অংশগ্রহণ করে বিজ্ঞান ও ইংরেজি শিক্ষায় তাদের মেধার স্বাক্ষরকে আরো সমুন্নত করবে বলে আমরা দৃঢ়ভাবে প্রত্যাশা করি।

- **অলিম্পিয়াডের বিষয়:**

  ক) বিজ্ঞান
  খ) ইংরেজি

- **গ্রুপ /বিভাগ:**

  ক-বিভাগঃ ৭ম হতে ৮ম শ্রেণী (ইংলিশ স্পেলিং কনটেস্ট)
  খ-বিভাগঃ ৯ম হতে ১০ম শ্রেণী (বিজ্ঞানভিত্তিক প্রশ্ন)

- **বিভাগ ভিত্তিক প্রতিযোগিতা ও প্রশ্নের ধরণ: (৭ম থেকে ৮ম শ্রেণী, ক- বিভাগ):**

  ক) ৭ম ও ৮ম শ্রেণীর ইংরেজি পাঠ্য পুস্তক থেকে ২০ টি করে বানান শুদ্ধকরণ মৌখিক কুইজ আকারে প্রশ্ন করা হবে।
  খ) ২০ টি প্রশ্নের জন্য ২০ নম্বর।
  গ) দুই গ্রুপে ভাগ করে মুখোমুখি ২০টি করে প্রশ্ন জিজ্ঞাসা করা হবে। (উল্লেখ্য ভুল উত্তরের জন্য নম্বর কাটা যাবে এবং প্রতিপক্ষ সঠিক উত্তর দিতে পারলে তাদের অতিরিক্ত নম্বর যোগ হবে)।
  ঘ) এ গ্রুপে (ক-বিভাগ) কোন লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে না।

- **বিভাগভিত্তিক প্রতিযোগিতা ও প্রশ্নের ধরণ : (৯ম হতে ১০ম শ্রেণী, খ- বিভাগ):**

  ক) ৯ম ও ১০ম শ্রেণীর রসায়ন, পদার্থ, জীববিজ্ঞান, কম্পিউটার প্রভৃতি পাঠ্যপুস্তক থেকে প্রশ্ন করা হবে।
  খ) এ বিভাগে (খ-বিভাগ) ১০০ নম্বরের লিখিত পরীক্ষা (প্রত্যেক বিষয় থেকে ২৫ টি করে প্রশ্ন) ও ২০ নম্বরের মৌখিক কুইজ (প্রত্যেক বিষয় থেকে ০৫ টি করে প্রশ্ন) অনুষ্ঠিত হবে।
  গ) দুই গ্রুপে ভাগ করে মুখোমুখি ২০টি করে প্রশ্ন জিজ্ঞাসা করা হবে। (উল্লেখ্য ভুল উত্তরের জন্য নম্বর কাটা যাবে এবং প্রতিপক্ষ সঠিক উত্তর দিতে পারলে তাদের অতিরিক্ত নম্বর যোগ হবে)।

- **প্রতিযোগিতার অন্যান্য শর্তাবলী:**

  ক) চাঁদপুর জেলার মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান থেকে উল্লিখিত প্রতিযোগিতা সমূহে শিক্ষার্থীগণ অংশগ্রহণ করতে পারবেন।
  খ) প্রত্যেক উপজেলার ইউনিয়ন, পৌরসভা থেকে শুরু করে উপজেলা ও জেলা পর্যায়ে জেলা প্রশাসন অলিম্পিয়াড অনুষ্ঠিত হবে।
  গ) ইউনিয়ন পর্যায়ে মাধ্যমিক স্তরের প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানে অভ্যন্তরীণ প্রতিযোগিতার মাধ্যমে নির্বাচিত সেরা তিনজন শিক্ষার্থীর দল ইউনিয়ন পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে।
  ঘ) ইউনিয়ন ও পৌরসভা পর্যায়ের ১ম, ২য়, ও ৩য় স্থান অধিকারী দলগুলোর মধ্য থেকে সেরা ৩জন শিক্ষার্থী নিয়ে গঠিত দল উপজেলা পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে।
  ঙ) ইউনিয়ন, পৌরসভা, উপজেলা ও জেলা পর্যায়ে প্রত্যেক দল বিজ্ঞান বিষয়ে লিখিত ও মৌখিক কুইজ উভয় পরীক্ষায় অংশগ্রহণ করবে। ইংরেজি স্পেলিং কনটেস্টে কেবল দলভিত্তিক মৌখিক কুইজ অনুষ্ঠিত হবে।
  চ) প্রত্যেক উপজেলা থেকে লিখিত পরীক্ষা ও মৌখিক কুইজে অংশ নেয়া ১ম স্থান অধিকারী দল জেলা পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহন করবে।
  ছ) প্রতিযোগিতায় একই নম্বর একাধিক টিম পেলে মৌখিক কুইজে টাই ব্রেকার রাউন্ডে অতিরিক্ত ৩/৫ টি প্রশ্নের মাধ্যমে সেরা দল নির্বাচন করা হবে।
  জ) প্রত্যেক পৌরসভা থেকে আলাদা দল গঠন হবে। পৌর এলাকার শিক্ষা প্রতিষ্ঠানসমূহ থেকে প্রতিযোগিতার মাধ্যমে গঠিত দল উপজেলা পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে।

CamScanner

ঝ) ইউনিয়ন, পৌরসভা ও উপজেলা পযায়ে জেলা প্রশাসন অলিম্পিয়াড বাস্তবায়নে কোন জটিলতা সৃষ্টি হলে জেলা কমিটির সাথে পরামর্শ করে অলিম্পিয়াড বাস্তবায়ন করবেন।

ঞ) জেলা কমিটি কেবল উপজেলা ও জেলা পর্যায়ের প্রতিযোগিতার প্রশ্ন প্রনয়ণ ও বিতরণ করবে।

- **জেলা প্রশাসন অলিম্পিয়াড, চাঁদপুর উদযাপন সংক্রান্ত জেলা কমিটি:**

১। জেলা প্রশাসক, চাঁদপুর	-	সভাপতি
২। পুলিশ সুপার, চাঁদপুর	-	সদস্য
৩। জেলা সদরের সরকারি, বেসরকারি কলেজ ও মাদ্রসার ০১ জন করে অধ্যক্ষ মোট ০৩ জন (সভাপতি কর্তৃক মনোনীত)	-	সদস্য
৪। নেজারত ডেপুটি কালেক্টর, চাঁদপুর	-	সদস্য
৫। জেলা শিক্ষা অফিসার, চাঁদপুর	-	সদস্য
৬। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চাঁদপুর	-	সদস্য
৭। সহকারী কমিশনার (শিক্ষা), জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুর	-	সদস্য
৮। সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুর	-	সদস্য
৯। সহকারী প্রোগ্রামার (আইসিটি)	-	সদস্য
১০। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)	-	সদস্য সচিব

- জেলা কমিটি প্রয়োজনে একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবেন।

- **জেলা কমিটির কর্মপরিধি:**

ক) প্রশ্নপত্র প্রনয়ণ এবং উপজেলা কমিটির নিকট প্রশ্নপত্র প্রেরণ।
খ) জেলা পর্যায়ের চূড়ান্ত প্রতিযোগিতা অনুষ্ঠিতকরণ।
গ)জেলা পর্যায়ের বিজয়ীদেরকে পুরস্কার/সম্মাননা প্রদান।
ঘ) উপজেলা ও ইউনিয়ন কমিটিকে কারিগরি সহায়তা প্রদান।

- **জেলা প্রশাসন অলিম্পিয়াড, চাঁদপুর উদযাপন সংক্রান্ত উপজেলা কমিটি:**

১। উপজেলা নির্বাহী অফিসার	-	সভাপতি
২। উপজেলা পর্যায়ের সরকারি, বেসরকারি কলেজ ও মাদ্রসার ০১ জন করে অধ্যক্ষ মোট ০৩ জন (সভাপতি কর্তৃক মনোনীত)	-	সদস্য
৩। অফিসার ইনচার্জ	-	সদস্য
৪। সহকারী প্রোগ্রামার (আইসিটি)	-	সদস্য
৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চাঁদপুর	-	সদস্য
৬। উপজেলা শিক্ষা অফিসার	-	সদস্য
৭। উপজেলা একাডেমিক সুপারভাইজার	-	সদস্য
৮। সহকারী কমিশনার (ভূমি)	-	সদস্য সচিব

- উপজেলা কমিটি প্রয়োজনে একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবেন।

- **উপজেলা কমিটির কর্মপরিধি:**

ক)ইউনিয়ন পর্যায়ের প্রতিযোগিতার জন্য প্রশ্নপত্র প্রনয়ণ, রেজাল্ট প্রস্তুতকরণ এবং সেরা দল নির্বাচনপূর্বক জেলা পর্যায়ে প্রেরণ।
খ) উপজেলা পর্যায়ে জেলা প্রশাসন অলিম্পিয়াড উদযাপন ও অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ।
গ) ইউনিয়ন ও পৌরসভা থেকে নির্বাচিত সেরা দল সমূহের মধ্য থেকে প্রতিযোগিতার মাধ্যমে নির্বাচিত ১ম স্থান অধিকারী দলকে জেলা পর্যায়ে প্রেরণ।
ঘ) উপজেলা থেকে প্রেরিত শিক্ষার্থীদের ছাত্রত্ব যাচাইপূর্বক ছবি সত্যায়ন ও প্রত্যয়নপত্র প্রদান।
ঙ) ইউনিয়ন, পৌরসভা ও উপজেলা পর্যায়ে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের ডাটাবেজ সংরক্ষণ ও প্রতিযোগিতার বিভিন্ন পর্যায়ের ছবি সংরক্ষণপূর্বক জেলা কমিটির নিকট প্রেরণ।
চ) প্রতিযোগিতার বিভিন্ন পর্যায়ে স্থানীয় জনপ্রতিনিধিদেরকে সম্পৃক্তকরণ ও তাদের উপস্থিতি নিশ্চিতকরণ।

CamScanner

- **জেলা প্রশাসন অলিম্পিয়াড, চাঁদপুর উদযাপন সংক্রান্ত ইউনিয়ন কমিটি :**

১। সংশ্লিষ্ট ইউনিয়নের ট্যাগ অফিসার	- আহবায়ক
২। সংশ্লিষ্ট ক্লাস্টারের সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার	- সদস্য
৩। কৃষি উপ-সহকারী কর্মকর্তা	- সদস্য
৪। সংশ্লিষ্ট ইউনিয়নের শিক্ষানুরাগী ব্যক্তি ০১ জন (ইউএনও কর্তৃক মনোনীত)	- সদস্য
৫। ইউনিয়ন পরিষদ সচিব	- সদস্য সচিব

* ইউনিয়ন কমিটি প্রয়োজনে একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবেন।

- **ইউনিয়ন কমিটির কর্মপরিধি :**

ক) ইউনিয়ন পর্যায়ের মাধ্যমিক স্তরের সকল শিক্ষা প্রতিষ্ঠানে অলিম্পিয়াড অনুষ্ঠান নিশ্চতকরণ।

খ) ইউনিয়ন পর্যায়ের ১ম, ২য়, ও ৩য় স্থান অধিকারী দলগুলোর মধ্য থেকে সেরা ৩জন শিক্ষার্থী নিয়ে গঠিত দল উপজেলা পর্যায়ের প্রতিযোগিতার জন্য প্রেরণ।

গ) প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠান থেকে কতজন শিক্ষার্থী জেলা প্রশাসন অলিম্পিয়াডে অংশগ্রহণ করেছে তার রেকর্ড সংরক্ষণ, প্রতিযোগিতার ছবি সংরক্ষণ এবং উপজেলা কমিটির নিকট প্রেরণ।

অনুমোদিত

০১.০৯.২২
বশির আহমেদ
অতিরিক্ত জেলা প্রশাসক
(শিক্ষা ও আইসিটি)
চাঁদপুর

০১/০৯/২২
কামরুল হাসান
জেলা প্রশাসক
চাঁদপুর

CamScanner